"মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা"

হজ সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

সচিব, হাব
সকল সদস্যকে
অবহিত করুন।
Farooque Ahmed Sardar
Secretary General
Hajj Agencies Association of Bangladesh

নম্বর: ১৬.০০.০০০০.০০৩.৪০.০১০.২২-৪৬৩

তারিখ : ১১ চৈত্র ১৪২৯
২৫ মার্চ ২০২৩

## মোনাজ্জেম সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২০.০৩.২০২৩ তারিখের ১৬.০০.০০০০.০০৩.৪০.০১০.২২-৩৭৯ নং বিজ্ঞপ্তির অনুবৃত্তিক্রমে সংশ্লিষ্ট সকল হজ এজেন্সির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা, ২০২২ এর তফসিল-২ মোতাবেক নিম্ন ছক অনুসারে মোনাজ্জেম সংক্রান্ত তথ্য জরুরীভিত্তিতে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| ক্রমিক | এজেন্সির নাম | লাইসেন্স নম্বর | হজযাত্রীর সংখ্যা | মোনাজ্জেমের নাম | মোবাইল নম্বর | পাসপোর্ট নম্বর |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

০২। সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে বিষয়টি অতিব জরুরী।

সংযুক্তি: হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা, ২০২২ এর তফসিল-২।

২৫.০৩.২০২৩

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব
ফোন: +৮৮০২-৫৫১০১১১৮
e-mail:morahajsection@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৩. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৪. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা (বিজ্ঞপ্তি মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্নের অনুরোধসহ)
৫. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. উপপ্রধান তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৮. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশসহ মন্ত্রণালয়ের পক্ষে ই-হজ সিস্টেমে অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১০. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ৩০, নয়াপল্টন, ঢাকা (সংশ্লিষ্ট সকল এজেন্সিকে অবহিত করাসহ এতদসংক্রান্ত কাজে সহযোগিতা প্রদানের অনুরোধসহ)
১১. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি হজ পোর্টালে প্রকাশসহ কারিগরি প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১২. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার/ব্যবস্থাপনা অংশীদার, ..................... ............. (২০২৩ সালে হজ কার্যক্রম পরিচালনাকারী সকল হজ এজেন্সি)
১৩. অফিস কপি

তফসিল-২
[বিধি ১৯ এর দফা (য) দ্রষ্টব্য]

## বেসরকারি ব্যবস্থাপনায় এজেন্সির মোনাজ্জেম নিয়োগ ও কর্মপরিধি সংক্রান্ত নির্দেশিকা

১। উদ্দেশ্য:

বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের উন্নত সেবা প্রদান ও সুষ্ঠুভাবে হজপালন নিশ্চিতকরণে মোনাজ্জেম নির্বাচন ও কর্মপরিধি নির্ধারণ।

২। যোগ্যতা:

(১) রাজকীয় সৌদি সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য হজ এজেন্সির স্বত্বাধিকারী/অংশীদার/ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি মোনাজ্জেম হইতে পারিবেন। এই ক্ষেত্রে আবেদনের সহিত প্রমাণক সংযুক্ত করিতে হইবে।

(২) কোনো হজ এজেন্সির মোনাজ্জেম নিয়োগের ক্ষেত্রে ব্যবস্থাপক/তদূর্ধ্ব কর্মকর্তাকে মনোনয়নের ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক সিদ্ধান্ত ও ব্যাংকের মাধ্যমে বেতন পরিশোধের প্রমাণক বা (TIN) সহ আবেদন করিতে হইবে।

(৩) মোনাজ্জেমকে অবশ্যই বাংলাদেশ ও রাজকীয় সৌদি সরকারের যাবতীয় আইন-কানুন ও নির্দেশনা বিষয়ে সম্যক ধারণা থাকিতে হইবে।

(৪) সমন্বিত হজ পালনে মোনাজ্জেম অবশ্যই লিড এজেন্সি হইতে নিয়োগ প্রাপ্ত হইবেন। মোনাজ্জেমকে অন্যান্য যোগ্যতার সাথে আইটি বিষয়েও ধারণা থাকিতে হইবে।

(৫) সৌদি আরবে যাবতীয় কার্যক্রম প্রতিপালনে প্রশাসনিক ও কারিগরিভাবে দক্ষ হইতে হইবে।

৩। মোনাজ্জেমের দায়িত্ব ও কর্তব্য:

(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও রাজকীয় সৌদি সরকারের যাবতীয় আইন-কানুন ও নির্দেশনা বিষয়ে সম্যক ধারণা থাকিতে হইবে।

(২) সৌদি আরবের ই-হজ সিস্টেমে তাসরিয়াহ্/তাসনিফ সংক্রান্ত তথ্যাদি প্রদানপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে চুক্তি সম্পাদন করিয়া বাংলাদেশ হজ অফিসের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(৩) বাংলাদেশ ও সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবে বিভিন্ন দপ্তরের সহিত যথাসময়ে চুক্তি সম্পাদন করিতে হইবে।

৪। মোনাজ্জেম নিয়োগ পদ্ধতি:

(১) মোনাজ্জেম হওয়ার জন্য হজ এজেন্সির স্বত্বাধিকারী/অংশীদার/ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি প্রমাণকসহ আবেদন পরিচালক, হজ অফিস, ঢাকায় জমা প্রদান করিবে;

(২) হজ এজেন্সি তাহার কোনো কর্মকর্তা/কর্মচারীকে মোনাজ্জেম হিসাবে মনোনয়ন প্রদান করিতে চাহিলে উপযুক্ত প্রমাণসহ আবেদন করিতে হইবে। এইক্ষেত্রে নিয়োজিত মোনাজ্জেমের মাধ্যমে সম্পাদিত সকল কার্যক্রম উক্ত হজ এজেন্সির দ্বারা সম্পাদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে (ফর্ম-১৪);

(৩) হজ এজেন্সি ই-হজ ব্যবস্থাপনায় মোনাজ্জেম নিয়োগ সংক্রান্ত তথ্য পূরণ করিয়া পরিচালক, হজ অফিস, ঢাকা বরাবর আবেদন করিবে।

(৪) মোনাজ্জেম পরিবর্তনের জন্য একইভাবে আবেদন করিতে হইবে।

৫। অনিয়ম, অসদাচরণ ও প্রশাসনিক ব্যবস্থা:

(১) কোনো মোনাজ্জেম হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এবং হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা, ২০২২, হজ প্যাকেজ ও এই নির্দেশিকাসহ সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত প্রজ্ঞাপন/আদেশ/নির্দেশনার প্রতি অবজ্ঞা/শৈথিল্য প্রদর্শন কিংবা অমান্য/অনিয়ম করিলে মোনাজ্জেম ও সংশ্লিষ্ট এজেন্সির বিরুদ্ধে সরকার কর্তৃক আইনের অধীন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা যাইবে;

(২) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিরুদ্ধে উক্ত মোনাজ্জেম/এজেন্সি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ ও এই বিধিমালা অনুযায়ী আপিল করিতে পারিবে।